

চবিতে আবাসন সংকট সমাধানে প্রশাসনকে ছাত্রদলের স্মারকলিপি

চবি প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) শিক্ষার্থীদের
আবাসন সংকট সমাধান, যাতায়াতব্যবস্থা
দূরীকরণ, নিরাপত্তা নিশ্চিতকরণসহ বিভিন্ন
দাবিতে প্রশাসনের কাছে স্মারকলিপি দিয়েছে
বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। বুধবার (১ এপ্রিল)
সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর
এ স্মারকলিপি জমা দেন সংগঠনটির নেতৃবৃন্দ।
শাখা ছাত্রদলের সভাপতি আলাউদ্দীন মহসিন
ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল নোমান
স্বাক্ষরিত স্মারকলিপিতে সংগঠনটি জানায়,
দীর্ঘদিন ধরে চলমান শিক্ষার্থী সংকট, আবাসন
সমস্যা ও প্রশাসনিক নানা সীমাবদ্ধতায়

শিক্ষার্থীরা চরম ভোগান্তির মধ্যে রয়েছে। বিশেষ করে আবাসিক হলের সিট সংকট, নিরাপত্তা ঝুঁকি এবং আধুনিক সুযোগ-সুবিধার অভাব শিক্ষার পরিবেশকে ব্যাহত করছে।

স্মারকলিপিতে বলা হয়, ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর শিক্ষার্থীরা একটি কার্যকর, স্বচ্ছ ও শিক্ষাবান্ধব প্রশাসনের প্রত্যাশা করলেও বাস্তবে সেই প্রত্যাশা পূরণ হয়নি। ফলে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা কার্যক্রম ও শিক্ষার্থীদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। এ পরিস্থিতিতে শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় কয়েকটি গুরুত্বপূর্ণ দাবি তুলে ধরা হয়।

দাবিগুলোর মধ্যে রয়েছে আবাসন সংকট নিরসনে নতুন হল নির্মাণ এবং সিট সংখ্যা বৃদ্ধি, অনাবাসিক শিক্ষার্থীদের জন্য ভর্তুকিভিত্তিক বাসস্থানের ব্যবস্থা, ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার ও আধুনিক নিরাপত্তা ব্যবস্থা চালু, প্রশাসনিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যসেবা, লাইব্রেরি ও আইটি সুবিধা উন্নত করা, শিক্ষার্থীদের গণপরিবহন ও চলাচল ব্যবস্থার উন্নয়ন, দরিদ্র ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের জন্য বিশেষ সহায়তা কর্মসূচি চালু।

এছাড়া, জুলাই গণঅভ্যুত্থানে নিহত ও আহত শিক্ষার্থীদের পরিবারকে সহায়তা এবং তাদের স্বরণে কার্যকর উদ্যোগ গ্রহণের দাবিও জানানো হয়।

স্মারকলিপিতে ছাত্রদল নেতারা বলেন, শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ নিশ্চিত করতে প্রশাসনকে দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন শাখা ছাত্রদলের সভাপতি আলাউদ্দীন মহসিন, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল নোমান, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. ইয়াসিন, যুগ্ম সাধারণ সম্পাদক হাসান আহমেদ, জালাল সিদ্দিকী, যুগ্ম সাধারণ সম্পাদক ও চাকসু এজিএস আইয়ুবুর রহমান তৌফিও সাংগঠনিক সম্পাদক সাজ্জাদ হোসেন হৃদয়সহ অন্য নেতৃবৃন্দ।

